# 131578 - ডাস্টবিনে রুটি ও খাদ্য ফেলা

প্রশ্ন

ডাস্টবিনে রুটি ও খাবার ফেলা কি হারাম; অথচ সেগুলো এক রকম খাওয়ার উপযুক্ত নয় কিংবা দীর্ঘদিন ফ্রিজে পড়েছিল; কেউ খায়নি?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

রুটি ও খাবার নেয়ামতের অন্তর্ভুক্ত; যে নেয়ামতগুলোর শুকরিয়া আদায় করা, সংরক্ষণ করা ও অবমাননা করা থেকে দূরে থাকা বাঞ্ছনীয়।

এগুলোকে ওয়েস্টবিন বা ডাস্টবিনে ফেললে এগুলোর করা অসম্মান হয় এবং এগুলোর পেছনে ব্যয়কৃত অর্থকে নস্ট করা হয়। সঠিক কাজ হলো গরীব যারা এগুলো থেকে উপকৃত হতে পারবে তাদেরকে এগুলো দিয়ে দেয়া কিংবা চতুষ্পদ জন্তুদেরকে দেয়া কিংবা আলাদা পলিথিনে রেখে দেয়া যাতে করে পরিচ্ছন্ন কর্মী জানতে পারে যে, এতে সম্মানজনক খাদ্যদ্রব্য রয়েছে। যাতে করে সেগুলো যারা মুরগী ও পশু পালে (যেমনটি কোন কোন দেশে পালন করা হয়) তাদেরকে দিয়ে দিতে পারে। নবী সাল্লাল্লাহু আলাইহিস সালাম বলেছেন: "প্রত্যেকে তাজা কলিজাধারীর (প্রত্যেকে প্রাণধারীর) প্রতি ইহসানের মধ্যে সওয়াব রয়েছে।"[সহিহ বুখারী (২৩৬৩) ও সহিহ মুসলিম (২২৪৪)]

শাইখ বিন বায (রহঃ) বলেন: "রুটি, গোশত ও অন্যান্য খাদ্যদ্রব্য ড্রেনে ফেলা জায়েয নয়। বরং সেগুলো গরীব কাউকে দেয়া আবশ্যকীয় কিংবা এমন কোন স্থানে রাখা যেখানে সেগুলোর অসম্মান হবে না। হতে পারে কেউ সেগুলো তার পশুপালের জন্য নিয়ে যাবে। কিংবা কোন পশুপাখি এসে সেগুলো খেয়ে ফেলবে। সেগুলোকে ডাস্টবিনে ফেলা কিংবা ময়লার স্থানে ফেলা বা রাস্তায় ফেলা জায়েয নয়। যেহেতু এতে এগুলোর অমর্যাদা হয় এবং রাস্তার উপর ফেললে এ গুলোর অসম্মান হয় এবং পথচারীদের কষ্ট হয়।"[মাজমুউল ফাতাওয়া (২৩/৩৯)]

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।